গ্রাহকদের সুবিধার্থে এটিএম পরিষেবা চালু

বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ গ্রাহকদের আরও ভালো পরিষেবা দিতে এটিএম পরিষেবা চালু করলো বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক। এদিন কাঁথিতে বলাগেড়িয়া ব্যাঙ্কের কার্যালয়ের সামনে এটিএম পরিষেবার উদ্বোধন করেন ব্যাঙ্কের সভাপতি তথা এগরার বিধায়ক সমরেশ দাস ও পরিচালন কমিটির সদস্য তথা পূর্ব মেদিনীপুর জেলার সভাধিপতি দেবব্রত দাস। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্যাঙ্কের ভাইস চেয়ারম্যান সত্যজিৎ ধাড়া, পরিচালন কমিটির সদস্য তথা কাঁথি-৩ ব্লকের সহ সভাধিপতি বিকাশচন্দ্র বেজ, জেলা পরিষদ সদস্য পার্থসারথি দাস প্রমুখ। এর আগে ব্যাঙ্কের সমস্ত কর্মচারীদের নিয়ে একটি সভা হয় রবিবার। এদিন বলাগেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের কার্যালয়ে আয়োজিত সভায় ব্যাঙ্কের সভাপতি তথা বিধায়ক সমরেশ দাস বলেন, ব্যাঙ্কের কর্মচারীরা যাতে সাধারণ মানুষকে ভালো পরিষেবা দেন সেদিকে নজর দিতে হবে। কোনও কর্মচারী যাতে মানুষের সাথে খারাপ ব্যবহার না করেন। ছুটির দিন বাদে ব্যাঙ্কে কর্মচারীদের হাজিরা ১০০ শতাংশ হওয়া প্রয়োজন। তিনি আরও বলেন, এই ব্যাঙ্ক সারা বছরই মানুষকে উপযুক্ত পরিষেবা দেয়। কর্মচারীদের আরও মানবিক হতে হবে। সামনের দিকে ব্যাঙ্ক এগিয়ে নিয়ে যাওয়াই আমাদের লক্ষ্য।

কাপড়ের দোকানে ভয়াবহ অগ্নিকাণ্ড

নিজস্ব সংবাদদাতা, পাঁশকুড়া ঃ রবিবার সাতসকালে পূর্ব মেদিনীপুর জেলার পাঁশকুড়ার যশোর মার্কেটের নিউ শাসমলস নামের এক কাপড় দোকানে ভয়াভয় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এর জেরে কেউ হতাহত না হলেও দোকানের প্রায় কোটি টাকার কাপড় পুড়ে গেছে বলে দাবি দোকান মালিকের। স্থানীয়রা জানিয়েছেন, সকালে বাজারে দোকান খুলতে আসা ব্যবসায়ীদের নজরে পড়ে নিউ শাসমলস নামের কাপড় দোকানের থেকে কালো ধোঁয়া বের হচ্ছে। সাথে সাথে তাঁরা এই দোকানের মালিককে খবর দেন। তাঁরাই খবর দেন দমকলকে। প্রথমে একটি ও পরে আরও চারটি দমকলের ইঞ্জিন পাঠানো হয় ঘটনাস্থলে। ওদিকে আগুন লাগার খবরে আতঙ্ক ছড়িয়ে পড়ে আশেপাশের দোকানে। তড়িঘড়ি অন্যান্য দোকানের মালিকরাও ছুটে

আসেন ঘটনাস্থলে। প্রায় ঘন্টা খানেকের প্রচেষ্টায় দমকলের পাঁচটি ইঞ্জিন মিলে আগুন নিয়ন্ত্রণে আসে। এই অগ্নিকাণ্ডের ঘটনার জেরে পাঁশকুড়া-যশোর রাজ্য সড়ক অবরুদ্ধ হয়ে পড়ে। ঘটনাস্থলে আসে পাঁশকুড়া থানার পুলিশ। প্রাথমিক তদন্তে অনুমান, শর্ট সার্কিট থেকেই আগুন লাগে দোকানে। স্থানীয়দের থেকে জানা গেছে, নিউ শাসমলস নামের এই কাপড় দোকান এলাকার বড় হোলসেলার ব্যবসায়ী।

আরও জানা গেছে, এই দোকান থেকে পূর্ব মেদিনীপুর জেলার পাঁশকুড়া, কোলাঘাট, তমলুক প্রভৃতি এলাকার পাশাপাশি প্রতিবেশী পশ্চিম মেদিনীপুরের দাসপুরের বিভিন্ন দোকানে কাপড় সরবরাহ করা হয়।

দুটি পৃথক ঘটনায় ধৃত স্বামী ও শ্বশুর

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ কাঁথিতে পৃথক পৃথক বধূনির্যাতনের ঘটনায় স্বামী ও শ্বশুরকে গ্রেফতার করা হয়। শনিবার রাতে কাঁথি থানার পুলিশ পৃথক পৃথক ঘটনায় স্বামী ও শ্বশুরকে গ্রেফতার করে। কাঁথি থানার জগন্নাথপুরের গৃহবধূকে হত্যার চেষ্টার অভিযোগে কীর্তিমান স্বামীকে গ্রেফতার করে পুলিশ। অভিযুক্ত সোমনাথ মাইতিকে রবিবার কাঁথি আদালতে তোলা হলে বিচারক তার জামিন নাকচ করে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। জানা গেছে, গত কয়েক বছর আগে পাশের গ্রামের শান্তি মাইতির সঙ্গে সোমনাথের বিয়ে হয়। বিয়ের পর থেকেই বধূকে পণের দাবিতে মারধর করতো স্বামী সহ পরিবারের লোকেরা। ২৯ সেপ্টেম্বর সকালে গৃহবধূকে গলাটিপে হত্যার চেষ্টা করে স্বামী। এরপর গৃহবধূ কাঁথি থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে পুলিশ স্বামীকে গ্রেফতার করে। অপরদিকে বৌমাকে ধর্ষণ ও খুনের চেষ্টার অভিযোগে গ্রেফতার হল শ্বশুর। অভিযুক্ত রবীন্দ্রনাথ ঘোড়াই। অভিযুক্তের বাড়ি কাঁথি থানার ঘাটুয়া গ্রামে। জানা গেছে, গত কয়েক দিন আগে বৌমা অসীমা ঘোড়াইকে ধর্ষণের চেষ্টা করে শ্বশুর। এই কথা বাকি পরিবারের লোকেদের জানালে বেধড়ক মারধর করা হয় বধূকে।

শুক্রবার গৃহবধূ কাঁথি থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে পুলিশ কীর্তিমান শ্বশুরকে গ্রেফতার করে। রবিবার ধৃত দুইজনকে কাঁথি আদালতে তোলা হলে বিচারক তাদের জামিন নাকচ করে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন।

এগরা বিধানসভা কেন্দ্রে পানিপারুল এনসিপি পার্টির উদ্যোগে একটি ব্লাড ডোনেশন ক্যাম্প অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন রাজ্য সম্পাদক তথা প্রাক্তন মন্ত্রী প্রবোধচন্দ্র সিনহা, রাজ্য সাধারণ সম্পাদক ব্রজকিশোর পায়রা, জেলা সম্পাদক সুজিত সিংহ প্রমুখ। মোট ৭০ জন ব্লাড দেন।

নাবালিকা অপহরণে যুবক গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ নাবালিকা অপহরণে যুক্ত থাকার অভিযোগে অপহরণকারী যুবককে গ্রেফতার করলো কাঁথি মহিলা থানার পুলিশ। অপহরণকারী যুবকের নাম সন্তু কয়াল। বাড়ি চব্বিশ পরগনায়। সেই সঙ্গে অপহৃতা নাবালিকাকে পুলিশ উদ্ধার করে। রবিবার ধৃতকে কাঁথি আদালতে তোলা হলে বিচারক তার জামিন নাকচ করে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। কাঁথি মহিলা থানা সূত্রে জানা গেছে, গত ১৫ আগস্ট এক নাবালিকা বাড়ি থেকে নিখোঁজ হয়ে যায়। এরপর পরিবারের লোকেরা থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে পুলিশ তদন্তে নেমে অপহৃতা নাবালিকাকে উদ্ধার করে এবং অপহরণকারী যুবককে গ্রেফতার করে।

গলায় ছুরির কোপ বসিয়ে আত্মহত্যার চেষ্টা

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ দোকানের ভিতর গলায় ছুরির কোপ বসিয়ে আত্মহত্যার চেষ্টা করল কাঁথির এক ব্যবসায়ী। গুরুতর আহত অবস্থায় তাঁকে উদ্ধার করে কাঁথি মহকুমা হাসপাতালে নিয়ে আসা হয়। জানা গেছে, কাঁথির রাজাবাজারে কমলা ভাণ্ডার নামে একটি স্টেশনারী দোকান চালান অজয় বেরা (৫১) নামে এক ব্যক্তি। অজয়ের বাড়ি কাঁথি শহরে। রবিবার বেলা ১০টা নাগাদ ওই ব্যক্তি নিজের দোকানে আচমকাই গলায় ছুরির কোপ বসিয়ে নেন। ঘটনাটি দেখতে পেয়েই রক্তাক্ত অবস্থায় স্থানীয় ব্যবসায়ীরা তাঁকে উদ্ধার করে

কাঁথি মহকুমা হাসপাতালে নিয়ে যান। সেখানে তাঁর অবস্থার অবনতি হলে তাঁকে কলকাতায় স্থানান্তরিত করা হয়। এই মুহূর্তে ব্যবসায়ীর অবস্থা আশঙ্কাজনক। অজয়ের স্ত্রী স্নিগ্ধা বেরা বলেন, ব্যবসার কারণে অনেকের কাছ থেকে টাকার চাপ আসত। কয়েকদিন ধরেই তিনি মানসিক অবসাদে ভুগছিলেন।

সমবায় কৃষি উন্নয়ন সমিতির শতবর্ষ পূর্তি

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ পূর্ব মেদিনীপুর জেলার খেজুরির জাহানাবাদ সমবায় কৃষি উন্নয়ন সমিতির শতবর্ষ পূর্তি অনুষ্ঠান রবিবার সাড়ম্বরে পালিত হল। পতাকা উত্তোলন ও প্রদীপ প্রজ্জ্বালনের মধ্য দিয়ে শতবর্ষপূর্তি অনুষ্ঠানের সূচনা করেন রাজ্যের প্রাক্তন সমবায় মন্ত্রী জ্যোতিময় কর। এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন খেজুরির বিধায়ক রণজিৎ মণ্ডল, রাজ্য স্পোর্টস কাউন্সিলের সদস্য বিশ্বজিৎ মাইতি, দুর্গা দাস, অতনু ঘোড়াই প্রমুখ। সভার সভাপতি ছিলেন স্বপন কুমার মণ্ডল। শতবর্ষ অনুষ্ঠান উপলক্ষ্যে সভার আগে বর্ণাঢ্য শোভাযাত্রা সহকারে একটি র‍্যালি পুরো এলাকা পরিক্রমা করে। প্রাক্তন সমবায় মন্ত্রী জ্যোতিময় কর তাঁর ভাষণে গ্রামীণ অর্থনীতির বিকাশে স্বাধীনতার আগে ও পরে সমবায়ের অবদানের কথা তুলে ধরেন। শতবর্ষ অনুষ্ঠান উপলক্ষ্যে সমবায় সমিতির পক্ষ থেকে এলাকার মাধ্যমিক, উচ্চমাধ্যমিকের কৃতী ছাত্রছাত্রীদের সম্বর্ধনা দেওয়া হয়। পাশাপাশি সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়।

দ্রুতগতির বাইকের ধাক্কায় মৃত যুবক

নিজস্ব সংবাদদাতা, পাঁশকুড়া ঃ পূর্ব মেদিনীপুর জেলার পাঁশকুড়ায় শনিবার রাতে ব্যাপক উত্তেজনা ছড়ায়। বেপরোয়া গতির মোটরবাইকের ধাক্কায় এক যুবকের মৃত্যুর ঘটনায় এই উত্তেজনা ছড়ায়। ঘাতক মোটরবাইকের চালককে কঠিন শাস্তি এবং এলাকায় দ্রুত গতির মোটরবাইক চালকদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণের দাবিতে দুর্ঘটনায় মৃত যুবকের দেহ নিয়ে ৬ নং জাতীয় সড়কে পাঁশকুড়ার মহৎপুরে অবরোধ শুরু করে স্থানীয় বাসিন্দারা। প্রায় আড়াই ঘন্টা চলে এই অবরোধ। ঘটনার জেরে তীব্র যানজট তৈরি হয়। খবর পেয়ে ঘটনাস্থলে আসে পাঁশকুড়া থানার পুলিশ। পুলিশ ঘটনাস্থলে এলে তাদের ঘিরে বিক্ষোভ দেখায় উত্তেজিত জনতা। বেপরোয়া যান চলাচল রুখতে পুলিশি নজরদারি বাড়ানোর দাবি জানান তাঁরা। মৃত যুবকের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার দাবিও জানানো হয়। পুলিশের তরফে অভিযুক্তকে দ্রুত গ্রেপ্তারের আশ্বাস দিলে অবরোধ প্রত্যাহার করে আন্দোলনকারীরা। পাঁশকুড়া থানার ওসি অজিত কুমার ঝাঁ বলেন, বেশ কিছু মানুষ বেপরোয়াভাবে বাইক চালানোর কারণেই পথ দুর্ঘটনা বাড়ছে। দুর্ঘটনা নিয়ন্ত্রণের জন্য প্রতিটি জনবহুল এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে বলে তিনি জানান। পাশাপাশি এই দুর্ঘটনার ঘাতক বাইক ও তার চালকের খোঁজে তল্লাশি চালানো হচ্ছে। পাঁশকুড়া থানার বিপুল হাওা গ্রামের বাসিন্দা মানস সামন্ত (২৬) বৃহস্পতিবার পাঁশকুড়া পুরাতন বাজারের কাছে রাস্তার ধারে দাঁড়িয়ে পরিচিত এক ব্যক্তির সাথে কথা বলছিলেন। সেই সময় একটি দ্রুতগতির বাইক নিয়ন্ত্রণ হারিয়ে তাঁকে ধাক্কা মেরে চম্পট দেয়। এই দুর্ঘটনার জেরে গুরুতর আহত মানসকে পাঁশকুড়া সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে অবস্থার অবনতি হলে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে স্থানান্তরিত করা হয়। রবিবার সকালে সেখানেই এই যুবকের মৃত্যু হয়। ঘটনাটি জানার পরে শোকে ভেঙে পড়েন বিপুল হাওা গ্রামের বাসিন্দারা। রাতে কলকাতা থেকে মৃতদেহ এলাকায় আসতেই ক্ষুব্ধ গ্রামবাসীরা আন্দোলনে নামেন।

প্রতারণার অভিযোগে ধৃত ব্যবসায়ী

নিজস্ব সংবাদদাতা, চণ্ডীপুর ঃ পূর্ব মেদিনীপুর জেলার ভগবানপুরের এক নারকেল ব্যবসায়ীকে ভুয়ো পুলিশ অফিসার পরিচয় দিয়ে প্রতারণার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতার করলো পুলিশ। ধৃতের নাম স্বপন সিং। বাড়ি পশ্চিম মেদিনীপুরের কাতোয়ালি থানার তাঁতীবেড়িয়ায়। জানা গেছে, চণ্ডীপুর থানার পুলিশ শনিবার রাতে রামনগর থেকে অভিযুক্তকে গ্রেফতার করে। জানা গেছে, কোটবাড়ের বাসিন্দা সেখ নাজিবুল ইসলাম নামের এক স্ক্র্যাপ ব্যবসায়ীর কর্মচারী সেখ জাকিরের সাথে কয়েকদিন আগে মারিশদা থানা এলাকার কালীনগরে পরিচয় হয় স্বপন সিং-এর। অভিযোগ সেখ জাকিরের কাছে নিজেকে পুলিশের বড় আধিকারিক পরিচয় দিয়ে তাকে স্ক্র্যাপ ব্যবসায়ীর কর্মচারী বিনিময়ে সাহায্যের আশ্বাস দেয় এই প্রতারক। সেই বিশ্বাসে পরের দিন চণ্ডীপুরে ৩০ হাজার টাকা নিয়ে আসে সেখ নাজিবুল ইসলাম ও তার কর্মচারী। অভিযোগ, টাকা নিয়ে সকলের অলক্ষ্যে বেপাত্তা হয়ে যায় এই ব্যক্তি। আরও অভিযোগ, এরপরে বারবার ফোন করলেও ফোন ধরেনি স্বপন। ইতিমধ্যে পুলিশের কাছে ভগবানপুরের কাজলাগড়ের এক বাসিন্দাও এই ব্যক্তির কাছে প্রায় ২০ হাজার টাকা প্রতারণার শিকার হওয়ার অভিযোগ দায়ের করে। এই সকল অভিযোগের তদন্তে নেমে শনিবার রাতে অভিযুক্তকে রামনগর থেকে গ্রেফতার করে পুলিশ। ধৃতকে রবিবার তমলুক জেলা আদালতে হাজির করা হয়। বিচারক জামিনের আবেদন খারিজ করে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। প্রসঙ্গত, গত মে মাসে একইভাবে নিজেকে সিবিআই আধিকারিক পরিচয় দিয়ে বাইক বিক্রির নাম করে প্রতারণা করতে গিয়ে হলদিয়া থানায় গ্রেপ্তার হয়েছিল ধৃত স্বপন সিং। তিনমাস জেল খেটে বের হওয়ার পর আবার একইভাবে প্রতারণা করেছে। জানা গেছে, পুলিশের হাতে ধরা পড়া এই প্রতারকের থেকে পুলিশের ভুয়ো আই কার্ড পাওয়া গেছে।

শনিবার সন্ধ্যার সময় নন্দীগ্রাম ২নং ব্লকের বয়াল ১নং অঞ্চল সভাপতি সেক গোলাম রুকমুদ্দিনের উপরে দুষ্কৃতীদের গুলি চালানোর প্রতিবাদে কেন্দেমারিতে প্রতিবাদ পথসভায় নন্দীগ্রামের বিধায়ক তথা রাজ্যের পরিবহন ও পরিবেশ মন্ত্রী শুভেন্দু অধিকারী।

কাঁথি-৩ ব্লকের দেবেন্দ্র অঞ্চলের অধিকার যাত্রা

স্কুলের হীরক জয়ন্তী উৎসবের সমাপ্তি

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ শনিবার রাতে মেদিনীপুর শহরের বিদ্যাসাগর বিদ্যাপীঠ গার্লস হাইস্কুলের দ্বিতীয় পর্বের হীরক জয়ন্তী উৎসবের সমাপ্তি ঘটলো। চার দিন ধরে চলে এই উৎসব। উৎসবের শেষ দিনে অনুষ্ঠানে অংশ নেন অভিভাবক-অভিভাবিকারা এবং শিক্ষিকারা। অভিভাবকদের অনুষ্ঠানে আবৃত্তি, সঙ্গীত, নৃত্য, শ্রুতি নাটকে সবার মন জয় করেন মাতৃয়ার মল্লিক, চিত্তরঞ্জন দাশ, অনিন্দিতা জানা, সুদীপ্তা সাঁতরা, সুনন্দা দাস, মৃন্ময়ী ঘোষ, বাসন্তী সিনহা সহ অন্যান্যরা। অভিভাবকদের অনুষ্ঠান সঞ্চালনা করেন শান্তনু সিনহা ও সুদীপ কুমার খাঁড়া। অভিভাবকদের পক্ষে সবাইকে ধন্যবাদ জানান প্রসূন কুমার পড়িয়া। শেষ লগ্নে প্রণব চক্রবর্তীর নির্দেশনায় দ্বিজেন্দ্রলাল রায়ের লেখা নাটকটি মঞ্চস্থ করেন বিদ্যালয়ের শিক্ষিকা ও শিক্ষাকর্মীরা। নাটকে প্রধান শিক্ষিকা স্বাতী বন্দ্যোপাধ্যায় সহ অন্যান্য শিক্ষিকারা অসাধারণ উপস্থাপনা করে উপস্থিত দর্শকদের মন জয় করে নেন। চার দিনের এই অনুষ্ঠানের সূচনা হয় বুধবার। উদ্বোধন করেন ভারত সেবাশ্রম সংঘের মিলনানন্দজী মহারাজ। অনুষ্ঠানের চারদিনে বিভিন্ন সময় হাজির ছিলেন উৎসব কমিটির সভাপতি সত্যশংকর গোস্বামী, বিচারক অনন্যা বন্দ্যোপাধ্যায়, আইনজীবী সুকুমার পড়া, প্রফেসর বলরাম মুখোপাধ্যায়, সমাজকর্মী রোশেনারা খাঁন, মধ্যশিক্ষা পর্ষদ সভাপতি কল্যাণময় গঙ্গোপাধ্যায়, জেলা পরিষদের সহ-সভাপতি অজিত কুমার মাইতি, জেলা পরিষদের বিদায়ী কর্মাধ্যক্ষ শ্যামাপদ পাত্র, জেলা পরিষদ সদস্য রমাপ্রসাদ গিরি, সমাজসেবী আনন্দগোপাল মাইতি, মদনমোহন মাইতি, প্রশেনজিৎ সাহা, চিকিৎসক কাঞ্চন ধাড়া, সন্ধ্যা মণ্ডল ধাড়া, উৎসব কমিটির সম্পাদক সেখ গাজীবাবা আলি, কার্যকরী সভাপতি প্রসূন কুমার পড়িয়া সহ অন্যান্য বিশিষ্টজনেরা।

মেশিন রিক্সার সঙ্গে বাইকের সংঘর্ষ

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ মেশিন রিক্সার সঙ্গে বাইকের মুখোমুখি সংঘর্ষে আহত হল এক সিভিককর্মী। আহত সিভিককর্মী যুবকের নাম বনমালি পাত্র। তার বাড়ি কাঁথি থানার সাতবেড়িয়া গ্রামে। জানা গেছে, রবিবার সকালে কাঁথি-দিঘা বাইপাসের কাছে মেশিন রিক্সার সঙ্গে বাইকের মুখোমুখি সংঘর্ষ হয়। এরপর স্থানীয়দের সহযোগিতায় যুবককিকে উদ্ধার করে কাঁথি মহকুমা হাসপাতালে নিয়ে আসা হয়। বর্তমানে সে সঙ্কটজনক অবস্থায় ওই হাসপাতালে চিকিৎসাধীন।

প্রতিবন্ধী ছেলেকে নিয়ে অসহায় মা

চন্দন বারিক, রামনগর ঃ জন্মের চার বছর পর থেকেই প্রতিবন্ধকতা পরিবারের সকলের নজর আসে। দুটো হাত, দুটো পা বিকলাঙ্গ। মুখ দিয়ে কথা বলে অস্পষ্টভাবে। এমন এক প্রতিবন্ধী ছেলেকে নিয়ে অসহায় দিন যাপন করে চলেছেন এক অসহায় মা। পূর্ব মেদিনীপুর জেলার রামনগর থানার গোবরা গ্রামের বাসিন্দা আরতি বারিকের দুই ছেলে ও এক মেয়ে। তার মধ্যে বড় ছেলে মিলন বারিক (২২) প্রতিবন্ধী। স্বামী অরবিন্দ বারিক সংসার ছেড়ে অন্যত্র বাসা বেঁধেছে। এদের প্রায় দেখে না বললেই চলে। জীবন যুদ্ধে এগিয়ে চলেছেন মা প্রতিবন্ধী ছেলেকে নিয়ে। আরতিদেবী জানিয়েছেন, ছোটবেলায় যখন তার বোন পড়াশোনা করত প্রতিবন্ধী মিলন দেখে ওইগুলো অনুকরণ করার চেষ্টা করত। মা বুঝতে পেরেই মিলনের এই প্রতিভাকে কাজে লাগিয়ে পা দিয়ে আঁকা শেখাতে শুরু করেন। দুটো হাত সম্পূর্ণভাবে অকেজো। পা দিয়ে হাঁটা-চলা করতে পারে না। অসহায়তার জীবনে বেঁচে থাকার একমাত্র মাধ্যম এই প্রতিবন্ধী ছেলে মিলন। অসম্ভব ছবি আঁকেন প্রতিবন্ধী মিলন। ডান পা দিয়ে ছবি আঁকেন রং করায় সাহায্য করে মা। ওল্ড দিঘা বু ভিউ ঘাটে যাওয়ার রাস্তায় সন্ধ্যার সময় পা দিয়ে ছবি এঁকে যতটুকুই পর্যটকদের কাছে সাহায্য পান সেই অর্থ দিয়েই কোনোরকমে সংসার চালাতে হয় মা আরতি দেবীকে। অনেক প্রতিশ্রুতি পেয়েছেন কিন্তু আজও পাননি কোনও সাহায্য। সরকারি সাহায্যে কোনো রকমে একটা মাথা গোঁজার মতো বাড়ি পেয়েছেন। বাকি সংসার খরচ চালাতে হিমশিম খেতে হয় অসহায় মাকে। কেউ এগিয়ে আসেনি অসহায় এই পরিবারের পাশে দাঁড়াতে।

পিংলা পঞ্চায়েতে বিদায়ীদের সম্বর্ধনা ও নতুনদের অভ্যর্থনা অনুষ্ঠান

নিজস্ব সংবাদদাতা, পিংলা ঃ পশ্চিম মেদিনীপুর জেলার পিংলার ৯নং জলচক-১অঞ্চলে তৃণমূলের পঞ্চায়েত সদস্যদের বিদায় সম্বর্ধনা ও নতুন পঞ্চায়েত সদস্যদের শুভেচ্ছা অনুষ্ঠান অনুষ্ঠিত হলো। এদিনের অনুষ্ঠানে এলাকার পঞ্চায়েত কর্মীরা এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। উপস্থিত ছিলেন পিংলা ব্লক সভাপতি সেখ সবেরতি, পিংলা ব্লক তৃণমূল যুব সভাপতি কৃষ্ণপ্রসাদ বেরা, ব্লক তৃণমূল কংগ্রেসের চেয়ারম্যান চন্ডীচরণ সামন্ত, পঞ্চায়েত সমিতির সভাপতি বীরেন মাইতি, অঞ্চল সভাপতি তাপস কুমার জানা প্রমুখ। এদিনের এই অনুষ্ঠানে বিদায়ী ও নতুন পঞ্চায়েত সদস্যদের বই, পেন, ঘড়ি দিয়ে সম্বর্ধনা দেওয়া হয়। এছাড়া, জলসম্পদ মন্ত্রী সৌমেন মহাপাত্রর কথা অনুসারে অঞ্চলের তৃণমূল পার্টি অফিসে একটি লাইব্রেরির উদ্বোধন করা হয়। এই বিষয়ে পিংলা ব্লক সভাপতি সেখ সবেরতিবাবু বলেন, আজকে আমাদের এই সভার উদ্দেশ্য হল আগামী ৫ বছরে নতুন সদস্যরা কিভাবে উন্নয়ন করবেন এবং তাঁরা কিভাবে মানুষের সঙ্গে থেকে বা মানুষকে সাথে নিয়ে কাজ করবেন তার বার্তা দেওয়া। উন্নয়নের নিরিখে যাতে আগামী লোকসভা ভোটে বিরোধী বিজেপিকে পরাস্ত করতে পারি তারই লক্ষ্য এই কর্মসূচি।